45

দৈনিক জনকণ্ঠ

তারিখ 24 FEB 1997
পৃষ্ঠা ৪ কলাম ৩

### রেজিস্ট্রেশন মিলছে না

# ছাত্রনেতাদের চাপে অতিরিক্ত ছাত্রছাত্রী ভর্তি করার ফলে—

ফরিদপুর, ২৩ ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।- ছাত্রনেতাদের চাপে অনার্স কোর্সে অতিরিক্ত ছাত্র-ছাত্রী ভর্তি করে এখন বিপাকে পড়েছে সরকারী রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ কর্তৃপক্ষ। জানা গেছে, ১৯৯৫-৯৬ শিক্ষা বর্ষে কলেজের ৬টি অনার্স কোর্সে ছাত্রনেতাদের চাপের মুখে আসন সংখ্যার অতিরিক্ত দেড় শতাধিক ছাত্রছাত্রী ভর্তি করা হয়। ভর্তির সময় অতিরিক্ত ছাত্রছাত্রীরা লিখিত মুচলেকা দেয় যে, জাতীয় বিশ্ববিদ্যালয় তাদের রেজিস্ট্রেশন প্রদান না করলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

পরবর্তী কালে জাতীয় বিশ্ববিদ্যালয় অতিরিক্ত ছাত্রছাত্রীদের রেজিস্ট্রেশন প্রদানে অপারগতা প্রকাশ করলে কর্তৃপক্ষ তা ছাত্রছাত্রীদের জানিয়ে দেয়। ২২ ফেব্রুয়ারি কলেজে ১৯৯৫-৯৬ শিক্ষা বর্ষের অনার্স (পার্ট-ওয়ান) পরীক্ষার ফরম পূরণের কাজ শুরু হলে একদল বিক্ষুব্ধ ছাত্র কলেজ অফিসে তালা লাগিয়ে দেয়। বিষয়টি কলেজ কর্তৃপক্ষকে বিপাকে ফেলেছে। অবশ্য পরে ছাত্রনেতারা উদ্যোগ নিয়ে অফিসের তালা খুলে দিয়েছে। এ নিয়ে কলেজে মৃদু উত্তেজনা চলছে।